# ব্যবহার নির্দেশিকা
# (শিক্ষার্থী)

# সূচি তালিকা

১.০ ব্যবহারকারী........2
২.০ সিস্টেমের সংক্ষিপ্ত বিবরণ........2
৩.০ প্রয়োজনীয় উপকরণ........2
৪.০ লগ ইন........3
৫.০ ড্যাশবোর্ড........4
৫.১ মেন্যুবারঃ হোম পেজের মেনুবারে ব্যবহারকারীরা মেনু অপশন দেখতে পারবেন। যেখানে থাকবে -........5
৬.০ ফিচারসমূহ........6
৬.১ Homework (হোমওয়ার্ক/ অ্যাসাইনমেন্ট)........7
৬.২ Classwork (ক্লাসওয়ার্ক)........9
৬.৩ Online Exam/Quiz (অনলাইন পরীক্ষা/কুইজ)........10
৬.৪ Academic Calender (একাডেমিক ক্যালেন্ডার)........12
৬.৫ Resource Material (রিসোর্স ম্যাটেরিয়াল)........12
৬.৬ Notice (নোটিশ)........13
৬.৭ Lesson Plan (পাঠ পরিকল্পনা/লেসন প্লান)........14
৬.৮ Leave (শিক্ষার্থীদের ছুটি)........15
৬.৯ Profile (প্রোফাইল)........15
৬.১০ Syllabus (সিলেবাস)........16
৬.১১ Transport (ট্রান্সপোর্ট)........17
৬.১২ Exam (পরীক্ষা)........17
৬.১৩ Report Card (রিপোর্ট কার্ড/রেজাল্ট)........18
৬.১৪ Digital Repository (ডিজিটাল রিপোজিটরি)........19

## ১.০ ব্যবহারকারী

এই নথিটি স্কুল অফ ফিউচার এর সকল শিক্ষার্থীর ব্যবহারের জন্য ডিজাইন করা হয়েছে, এই ম্যানুয়াল প্রাথমিক লক্ষ্য "স্কুল অফ ফিউচার ম্যানেজমেন্ট সিস্টেম" এর একটি ব্যবহার নির্দেশনা প্রদান করা

## ২.০ সিস্টেমের সংক্ষিপ্ত বিবরণ

বিশ্বে শিক্ষাক্ষেত্রের অনন্য উদাহরণগুলোকে সামনে রেখে **মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার** দিকনির্দেশনায় সারাদেশের **৩০০**টি স্কুলকে স্মার্ট স্কুল হিসেবে গড়ে তোলার লক্ষে বাস্তবায়িত হচ্ছে **'শেখ রাসেল স্কুল অব ফিউচার'** প্রকল্প। সরকার, সংশ্লিষ্ট সংস্থা, স্কুল কর্তৃপক্ষ, শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের জন্য **৩২**টি মডিউলে সমৃদ্ধ এলএমএসের মাধ্যমে **অ্যাকাডেমিক**, **নন-অ্যাকাডেমিক** ও **এক্সট্রা-কারিকুলার** কার্যক্রম ও উন্নয়ন একনজরে দেখা ও মূল্যায়ন করা যাবে। ফলে প্রয়োজন অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন সহজ হবে। সিস্টেমটি প্রতিটি স্টেকহোল্ডারের জন্য মনোনীত ব্যবহারকারীদের তথ্য দেখতে, ইনপুট এবং আপডেট করার জন্য ডিজাইন করা হয়েছে।

## ৩.০ প্রয়োজনীয় উপকরণ

ব্যবহারকারী **কম্পিউটার/ ল্যাপটপ/ মোবাইল/ ট্যাব**, স্থিতিশীল ইন্টারনেট সংযোগ এবং ইন্টারনেট ব্রাউজার স্কুল অব ফিউচার সিস্টেমটি ব্যবহার করতে পারবেন। ওয়েব ভার্সন ব্যবহার করার জন্য ব্যবহারকারীকে www.sof.edu.bd এই ওয়েবসাইটে যেতে হবে।


মোবাইল অ্যাপ ব্যবহার করার জন্য ব্যবহারকারীকে Google Play **Google Play Store** অথবা **Ios App Store** থেকে **School of future** মোবাইল অ্যাপ টি ডাউনলোড করতে হবে।

যেসব ব্রাউজার থেকে ওয়েব থেকে সিস্টেমটি ব্যবহার করা যাবেঃ

| | | | | |
|---|---|---|---|---|
| **Google Chrome** | **Mozilla Firefox** | **Microsoft Edge** | **Opera** | **Safari** |

# ৪.০ লগ ইন

ব্যবহারকারী www.sof.edu.bd এই ওয়েবসাইটের লিঙ্ক এ যাবেন এবং যেখানে তারা ৪.০.১ এর মতো অনুরুপ একটি লগইন পেজ দেখতে পাবেন। সেখানে ব্যবহারকারী তার ইউজার আইডি এবং পাসওয়ার্ড দিয়ে প্রদান করে লগইন এ ক্লিক করবেন। ইউজার আইডি প্রদান করার সময় অবশ্যই এই ফরমেটটি খেয়াল রাখবেন ( **উদাহরণ: abcd-1234**)। মোবাইল অ্যাপ থেকে School of Future Mobile App ইউজ করার জন্য গুগল প্লে স্টোর অথবা ios স্টোরে School of future মোবাইল অ্যাপটি ইন্সটল করুন এবং User Id ও Password দিয়ে log in এ ক্লিক করুন। লগইন করার সময় অবশ্যই পূর্ববর্তী উদাহরণটি অনুসরণ করবেন।




৪.০.১


মোবাইল অ্যাপ থেকে School of Future Mobile App ইউজ করার জন্য গুগল প্লে স্টোর অথবা ios স্টোরে School of future মোবাইল অ্যাপটি ইন্সটল করুন এবং User Id ও Password দিয়ে log in এ ক্লিক করুন। লগইন করার সময় অবশ্যই পূর্ববর্তী উদাহরণটি অনুসরণ করবেন।

**লগইন করার সময় অবশ্যই স্কুলের সংক্ষিপ্ত নাম এবং হাইফেন '-' প্রদান করতে হবে।**

## ৫.০ ড্যাশবোর্ড

হোমপেজে ব্যবহারকারী বিভিন্ন তথ্য এবং ডাটা সহ একটি ড্যাশবোর্ড দেখতে পাবেন। এখানে ব্যবহারকারীরা পুরো মাসের অথবা দৈনিক মোট ক্লাস, একাডেমিক ক্যালেন্ডার, অ্যাটেনডেন্স, হোমওয়ার্ক, ক্লাস ওয়ার্ক, কুইজ, মিটিং এবং আরো বেশকিছু ফিচারের তথ্যসমূহ দেখতে পারবেন।

**৫.০.১**




৫.১ মেন্যুবারঃ হোম পেজের মেনুবারে ব্যবহারকারীরা মেনু অপশন দেখতে পারবেন। যেখানে থাকবে -

- Dashboard/ড্যাশবোর্ড
- Homework/ হোমওয়ার্ক
- Classwork/ ক্লাসওয়ার্ক
- Online Quiz/ অনলাইন পরীক্ষা/কুইজ
- Academic Calendar/ একাডেমিক ক্যালেন্ডার
- Resource Material/ রিসোর্সেস ম্যাটেরিয়াল
- Notices/ বিজ্ঞপ্তি
- Lesson Plan/ লেসন প্লান
- Leave/ শিক্ষার্থীদের ছুটি
- Profile/ প্রোফাইল
- Syllabus/ সিলেবাস
- Transport/ ট্রান্সপোর্ট
- Exam/ পরীক্ষা
- Report Card/ রিপোর্ট কার্ড/রেজাল্ট
- Digital Repository/ ডিজিটাল রিপোস্টেরি

# ৬.০ ফিচারসমূহ


# ৬.১ Homework (হোমওয়ার্ক/ অ্যাসাইনমেন্ট)

ব্যবহারকারী মেনু বার থেকে হোমওয়ার্ক ট্যাবে ক্লিক্ করে ব্যবহারকারী হোমওয়ার্ক এবং অ্যাসাইনমেন্ট এর লিস্টসমূহ দেখতে পারবে Homework ট্যাবে ক্লিক করে হোম ওয়ার্ক বা অ্যাসাইনমেন্টসমূহ দেখতে পারবে। ৬.০.১ এর মতো Due ট্যাবে ক্লিক করে ডিউ অ্যাসাইনমেন্টসমূহ, Submitted ট্যাবে ক্লিক করে submitted অ্যাসাইনমেন্টসমূহ, completed ট্যাবে ক্লিক করে completed অ্যাসাইনমেন্টসমূহ দেখতে পারবে।





৬.১.১

**Due** বাটনে ক্লিক করলে শিক্ষার্থীরা তাদেরকে যে অ্যাসাইনমেন্টটি দেওয়া হয়েছে তা দেখতে পাবেন। যেকোনো অ্যাসাইনমেন্টের উপর ক্লিক করে অ্যাসাইনমেন্ট আপলোড করা যাবে যেভাবে **৬.০.২** দেখানো হয়েছে





৬.১.২

শিক্ষার্থী যেই সাবজেক্ট এর এসাইনমেন্ট জমা দিতে চাচ্ছেন সে সাবজেক্টের উপর ক্লিক করার পর প্রয়োজনীয় ফিল্ড সমূহ টাইপ করে পূরণ করবেন এবং Attachment এ ক্লিক করে এসাইনমেন্ট এর ছবি অথবা ফাইল অ্যাড করতে পারবেন। Description box ডেসক্রিপশন টাইপ করে লেখা যাবে।যেভাবে **৬.০.৩** দেখানো হয়েছে




**৬.১.৩**


প্রয়োজনীয় সব ঘর পূরণ করার পর ব্যবহারকারী সাবমিট বাটনে ক্লিক করে অ্যাসাইনমেন্ট তৎক্ষণাৎ সাবমিট করতে পারেন অথবা ড্রাফট বাটনে ক্লিক করে পরবর্তীতে সাবমিট করার জন্য সেভ করে রাখতে পারেন যেভাবে **৬.০.৪** দেখানো হয়েছে




**৬.১.৪**


## ৬.২ Classwork (ক্লাসওয়ার্ক)

ব্যবহারকারীরা মেনু বার থেকে ক্লাসওয়ার্ক ট্যাব এ ক্লিক করে নির্ধারিত ক্লাসওয়ার্ক তালিকা দেখতে পারবেন। শিক্ষক কর্তৃক প্রদানকৃত ক্লাস ওয়ার্ক এর বিবরণ এবং শিক্ষক যদি কোন ফাইল আপলোড করে থাকেন তা ডাউনলোড করতে পারবেন যেভাবে ৬.২.১দেখানো হয়েছে




৬.২.১

ক্লিক করার পরে, ব্যবহারকারীরা নির্দেশাবলী এবং ক্লাসওয়ার্ক দেখতে পারেন, অথবা এমনকি ডাউনলোড চিহ্নে ক্লিক করে সংযুক্তি ডাউনলোড করতে পারেন, যেমন চিত্রে দেখানো হয়েছে




৬.২.২

## ৬.৩ Online Exam/Quiz (অনলাইন পরীক্ষা/কুইজ)

প্রত্যেকটি পরীক্ষাটির পাশে একটি Action দেখতে পাবেন। ৬.৩.৩ এ দেখানো চিত্রে Take Exam এর অর্থ হচ্ছে পরীক্ষাটি ইতিমধ্যে শুরু হয়েছে এবং ব্যবহারকারী চাইলে Take Exam বাটনে ক্লিক করে পরীক্ষাটি তে অংশগ্রহণ করতে পারবে। Upcoming একশন টি দিয়ে আপনার আসন্ন অনলাইন এক্সাম টি বোঝানো হচ্ছে। Time Over একশন টি হচ্ছে আপনার অনলাইন পরীক্ষাটি ইতিমধ্যে হয়ে গিয়েছে কিন্তু আপনি অংশগ্রহণ করেননি। Exam Result এ ক্লিক করে আপনি যে পরীক্ষাটি তে অংশগ্রহণ করেছেন এবং ফাইনাল সাবমিট করেছেন তার বিস্তারিত ফলাফল দেখতে পারবেন।

**৬.৩.৩**

অনলাইন পরীক্ষা লিস্টে ব্যবহারকারী প্রত্যেকটি সাবজেক্টে লিস্ট দেখতে পারবেন এবং এর মাঝে অনলাইন

| Serial | Title | Subject | Start Date | Start Time | End Date | End Time | Action |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | বীজগণিত | Mathemat... | Feb 7, 2022 | 8:57 PM | Feb 7, 2022 | 11:01 PM | Take Exam |
| 2 | English First Paper | English | Feb 9, 2022 | 4:49 PM | Feb 20, 2022 | 8:49 PM | Upcomming... |
| 3 | Mathemat... | Mathemat... | Feb 7, 2022 | 8:48 PM | Feb 7, 2022 | 8:50 PM | Time Over |
| 4 | English 2nd Paper | English | Feb 7, 2022 | 2:35 PM | Feb 8, 2022 | 11:47 PM | Exam Result |

পরীক্ষাটি শুরু হওয়ার তারিখ সময় এবং শেষ হওয়ার তারিখ এবং সময় দেখতে পারবেন।


**অনলাইন পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য অবশ্যই আপনাকে আপনার STUDENT ID থেকে পরীক্ষা তে জয়েন করতে হবে।**

অনলাইন পরীক্ষা দেওয়ার জন্য প্রথমে ৬.৩.৪ এ দেখানো **Take exam** বাটনে ক্লিক করুন।

| Serial | Title | Subject | Start Date | Start Time | End Date | End Time | Action |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | English 2nd Paper | English | Feb 7, 2022 | 2:35 PM | Feb 8, 2022 | 11:47 PM | Take Exam |

**৬.৩.৪**


এরপর ৬.৩.৫ দেখানো অনুযায়ী যে পেজটি আসবে সেখানে **Start Quiz** বাটনে ক্লিক করুন।




৬.৩.৫

অনলাইন পরীক্ষাটি শুরু হলে ৬.৩.৬ চিত্রে দেখানো অনুযায়ী পরবর্তী প্রশ্ন দেখার জন্য next বাটনে ক্লিক করুন।

পূর্ববর্তী প্রশ্নে ফিরে যেতে previous বাটনে ক্লিক করুন।





৬.৩.৬

পরীক্ষা শেষ হলে Final Submit বাটনে ক্লিক করুন। Final Submit বাটনে ক্লিক করার পর **Are you sure?** বলে একটি পপ-আপ আসবে। সেখানে Yes button এ ক্লিক করুন।

**Exam Result** এ ক্লিক করে পরবর্তীতে পরীক্ষার রেজাল্ট দেখা যাবে। **View Details** এ ক্লিক করে ব্যবহারকারী উত্তরপত্র এবং সঠিক ও ভুল উত্তরগুলো দেখতে পারবেন।

## ৬.৪ Academic Calender (একাডেমিক ক্যালেন্ডার)


ব্যবহারকারীরা মেনু বার থেকে 'Academic Calendar' এ ক্লিক করে এবং চিত্র: ৬.৪.১ -এর উদাহুরন দেখানো একাডেমিক পরিকল্পনা, আসন্ন ইভেন্ট ইত্যাদি সম্পর্কিত সমস্ত তথ্য দেখতে পারবেন।




৬.৪.১


## ৬.৫ Resource Material (রিসোর্স ম্যাটেরিয়াল)

রিসোর্স ম্যাটেরিয়াল মেনু বার থেকে রিসোর্স ম্যাটারিয়াল অপশনে ক্লিক করে ব্যবহারকারীরা শিক্ষক কর্তৃক আপলোডকৃত বিভিন্ন বিষয়ভিত্তিক রিসোর্স এর তালিকা দেখতে পারবেন। এখানে রিসোর্স বলতে শিক্ষক কর্তৃক আপলোডকৃত বিভিন্ন ফাইল অথবা নোটস কে বুঝানো হয়েছে।




৬.৫.১


ব্যবহারকারী যে সাবজেক্টের রিসোর্স দেখতে চান তার উপর ক্লিক করে সাবজেক্ট এর রিসোর্স সমূহ দেখতে পারবেন। এখানে যদি কোনো নোট বিবরণে দেওয়া হয় তা দেখতে পাবেন এবং কোন ফাইল সংযুক্ত করা থাকলে তা ডাউনলোড করতে পারবেন। ৬.৫.২ চিত্রে দেখানো হয়েছে -




৬.৫.২

## ৬.৬ Notice (নোটিশ)


মেনুবার থেকে নোটিশ অপশনে ক্লিক করে ব্যবহারকারী নোটিশের পেইজে যেতে পারেন। এখানে ব্যবহারকারীরা বিভিন্ন একাডেমিক এবং নন-একাডেমিক নোটিশসমূহ দেখতে পারবেন। সার্চ বার ব্যবহার করে ব্যবহারকারী যেকোনো নোটিস খুঁজে বের করতে পারবেন যেভাবে ৬.৬.১ চিত্রে দেখানো হয়েছে




৬.৬.১


## ৬.৭ Lesson Plan (পাঠ পরিকল্পনা/লেসন প্লান)

ব্যবহারকারী মেনুবার থেকে lesson plan/ পাঠ পরিকল্পনা অপশনটি সিলেক্ট করে দৈনিক, সাপ্তাহিক, মাসিক অথবা বাৎসরিক বিষয়ভিত্তিক পাঠ পরিকল্পনা দেখতে পারবেন।




৬.৭.১


যে যে বিষয়ের পাঠ পরিকল্পনা দেখতে চান তার উপরে ক্লিক করে বিস্তারিত পাঠ পরিকল্পনা দেখা যাবে এবং এর সাথে যদি কোন নোট বা ফাইল সংযুক্ত থাকে, ব্যবহারকারী টা ডাউনলোড করতে পারবে। যেভাবে ৬.৭.২ চিত্রে দেখানো হয়েছে




৬.৭.২

# ৬.৮ Leave (শিক্ষার্থীদের ছুটি)


মেনুবার থেকে ব্যবহারকারী Student Leave/ স্টুডেন্ট লিভ অপশন এ ক্লিক করে pending, accepted এবং declined ছুটির আবেদনগুলো দেখতে পারবেন।




৬.৮.১

# ৬.৯ Profile (প্রোফাইল)


ব্যবহারকারী বাম দিকের মেনু বার থেকে প্রোফাইল ট্যাব অ্যাক্সেস করতে পারেন এবং প্রোফাইলের বিশদ বিবরণ দেখতে পারেন, যেমন মৌলিক তথ্য, উপস্থিতি, টিউশন ফি ইত্যাদি। ব্যবহারকারী নিজের প্রোফাইলের কোন তথ্য পরিবর্তন বা হালনাগাদ করতে পারবেন না। তথ্য পরিবর্তন বা হালনাগাদ করার জন্য স্কুল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে হবে।




৬.৯.১


## ৬.১০ Syllabus (সিলেবাস)

মেনুবারে সিলেবাস ফিচারে ক্লিক করে ব্যবহারকারী তার পাঠ্যসূচি/পাঠ্যতালিকা দেখতে পারবে। Full Syllabus অপশনে শিক্ষার্থীরা তাদের ক্লাসের পূর্ণাঙ্গ সিলেবাস, Syllabus list অপশনে বিষয়ভিত্তিক সিলেবাস, Class Test অপশনে শ্রেণি পরীক্ষার সিলেবাস এবং Quiz Test অপশনে তাদের কুইজ বা মাসিক পরীক্ষার দেখতে পারবেন।




৬.১০.১


তারা যেই সিলেবাস টি দেখতে চান তার উপর ক্লিক করলে সিলেবাস টির বিস্তারিত দেখতে পারবেন।




৬.১০.২

## ৬.১১ Transport (ট্রান্সপোর্ট)


যদি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার্থী পরিবহন সুবিধা প্রদান করা হয়, তাহলে মেনুবার থেকে ট্রান্সপোর্ট ফিচারে ক্লিক করে শিক্ষার্থীরা তাদের পরিবহন শিডিউল এবং পরিবহন সম্পর্কিত বিভিন্ন তথ্য দেখতে পারবেন।




৬.১১.১

## ৬.১২ Exam (পরীক্ষা)

মেনুবার থেকে ৬.১২.১ এ দেখানে Exam/পরীক্ষা ফিচারটি ক্লিক করলে ব্যবহারকারী তিনটি অপশন দেখতে পারবেন। **Routine, Exam and Result.**





৬.১২.১

রুটিন অপশনে ক্লিক করে শিক্ষার্থীরা তাদের পরীক্ষার দেখতে পারবে। Exam group ফিল্টারটি সিলেক্ট করে

তারা বিভিন্ন ক্যাটাগরির পরীক্ষার রুটিন দেখতে পারবেন।


Subject টি সিলেক্ট করে তারা বিষয়ভিত্তিক পরীক্ষার রুটিন দেখতে পারবেন।




| Serial | Subject | Date | Start Time | End Time |
|---|---|---|---|---|
| 1 | Mathematics | Feb 8, 2022 | 09:30:00 | 10:00:00 |
| 2 | Bangla | Feb 8, 2022 | 09:45:00 | 10:15:00 |
| 3 | English | Feb 8, 2022 | 09:00:00 | 09:30:00 |

৬.১২.২


Exam অপশনে ক্লিক করে তাদের বিভিন্ন রকম পরীক্ষার ক্যাটাগরি দেখতে পারবে।




৬.১২.৩

## ৬.১৩ Report Card (রিপোর্ট কার্ড/রেজাল্ট)


Result অপশনে ক্লিক করে শিক্ষার্থীরা তাদের পরীক্ষার রিপোর্ট কার্ড দেখতে পারবে এবং ডাউনলোড করতে পারবে। ঠিক করার পর শিক্ষার্থীরা রিপোর্ট কার্ডের একটি তালিকা দেখতে পারবে। রিপোর্ট কার্ড টি শিক্ষার্থী দেখতে চায় সে রিপোর্ট কার্ডের উপর ক্লিক করলে রিপোর্ট কার্ড টি ডাউনলোড হয়ে যাবে।




৬.১৩.১

## ৬.১৪ Digital Repository (ডিজিটাল রিপোজিটরি)

ডিজিটাল রিপোজিটরি ফিচারে শিক্ষার্থীরা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত বিভিন্ন ফরম অথবা ফাইল দেখতে পারবেন এবং ডাউনলোড করতে পারবেন।




৬.১৪.১